গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল এর কার্যালয়
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স
সেক্টর-১০, রোড-১৩, বাড়ি-০৭, উত্তরা, ঢাকা।
www.industrialpolice.gov.bd

স্মারক নং-ইন্ডাঃপুঃহেডঃ/প্রশাঃ/নিয়োগ-২০১৯/ ৩৪৫৪-(৭) তারিখ ঃ-২৯/০৮/২০১৯ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

ইন্ডাস্ট্রিয়াল পুলিশ এর নিম্নবর্ণিত শূন্য পদ সমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না	মন্তব্য
১.	সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ বেতন স্কেল ঃ ১০২০০-২৪৬৮০ পদের সংখ্যা-০১ (এক) টি	(১) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (২) সাঁটলিপি লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে-৭০ ও বাংলায় -৪৫ শব্দ হতে হবে। (৩) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word processing/Data Entry Typing এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায়-২৫ শব্দ হতে হবে।	ব্রাহ্মণবাড়িয়া, মাগুরা, মাদারীপুর, নাটোর, কুড়িগ্রাম	এতিম ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা হতে আবেদন করতে পারবেন।
২.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ বেতন স্কেল ঃ ৯৩০০-২২৪৯০/- পদের সংখ্যা-০৩ (তিন) টি	(১) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (২) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word processing/Data Entry Typing এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায়-২০ শব্দ হতে হবে।		
৩.	ক্যাশিয়ার গ্রেড-১৬ বেতন স্কেল ঃ ৯৩০০-২২৪৯০/- পদের সংখ্যা-০৩ (তিন) টি	কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেনী বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন থাকতে হবে।		
৪.	পরিচ্ছন্নতা কর্মী গ্রেড-২০ বেতন স্কেল ঃ- ৮২৫০-২০০১০/- পদের সংখ্যা-০২ (দুই) টি	কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেনী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, রাজশাহী, লালমনিরহাট, ঠাকুরগাঁও, খুলনা, বাগেরহাট ও বরিশাল জেলা	
৫.	বাবুর্চি গ্রেড-২০ বেতন স্কেল ঃ ৮২৫০-২০০১০/- পদের সংখ্যা-০২ (দুই) টি	(১) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেনী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; এবং (২) রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
৬.	মালি গ্রেড-২০ বেতন স্কেল ঃ ৮২৫০-২০০১০/- পদের সংখ্যা-০২ (দুই) টি	(১) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেনী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; এবং (২) বাগান তৈরী ও পরিচর্যার কাজে অন্যূন ০১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		

শর্তাবলীঃ-

১. চাকুরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে পুরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ পুলিশের (www.police.gov.bd), ইন্ডাস্ট্রিয়াল পুলিশের (www.industrialpolice.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. আবেদন ফরমে ০১/০৯/২০১৯ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে এবং উক্ত তারিখে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারিরীক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছর; সাধারণ কোটা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, এতিম ও অন্যান্য বিশেষ কোটার প্রার্থীদের বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।

৩. আবেদনপত্র আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, সেক্টর-১০, উত্তরা, ঢাকা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে।

৪. আবেদনপত্র এর সাথে প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি, আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত ১০×৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম দিতে হবে। এছাড়া পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে **এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকার বরাবর কোড নং- ১-২২১১-০০০০-২০৩১** তে ক্রমিক নং-১ হতে ৩ এ বর্ণিত পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং ৪ হতে ৬ এ বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫. আবেদনপত্রের সাথে কোন প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করা যাবে না। তবে মৌখিক পরীক্ষার সময়ে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের কমিশনার/কাউন্সিলর কর্তক প্রদত্ত নাগরিকত্বের সনদসহ বিশেষ কোটার স্বপক্ষের সনদ ইত্যাদির মূল সনদ এবং সকল সনদপত্রের ০১(এক) সেট সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।

৬. আবেদনপত্রের খামের বাম পার্শ্বে উপরে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

৭. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৮. অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র বা আবেদনপত্রের সাথে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১০. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও নিয়োগপ্রক্রিয়া বাতিল করণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৯.৮.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
পুলিশ সুপার
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।